# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক কৃষকদের জন্য প্রদত্ত সেবাসমূহঃ

১) সকল শ্রেণীর কৃষকদের জন্য সম্প্রসারণ সেবা নিশ্চিত করা।
২) ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য কৃষির আধুনিক প্রযুক্তি সমূহ কৃষকদের দোর গোড়ায় পৌছে দেয়া।
৩) কৃষকদের মাঝে বীজ এবং সার বিতরণ নিশ্চিত করা।
৪) ভিজিট সিডিউল অনুসারে মাঠ পরিদর্শন, কৃষকদের সমস্য চিহ্নিতকরণ ও সমাধান দেয়া।
৫) জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহারের মাধ্যমে মাটির স্বাস্থ্য ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা।
৬) ফসলের বালাই দমনে পরামর্শ প্রদান।
৭) কৃষকের মাঠে নতুন ফসল, নতুন জাত এবং নতুন প্রযুক্তি সম্প্রসারণে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবসের আয়োজন করা।
৮) বিভিন্ন কৃষি প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
৯) বিভিন্ন প্রকার সম্প্রসারণ পদ্ধতির মাধ্যমে কৃষকদের মাঝে সচেতনতা তৈরি করা।
১০) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সরকারী প্রণোদনা/পুনর্বাসনে কৃষি উপকরণ বিতরণ নিশ্চিত করা।
১১) ফসলের মানসম্মত বীজ উৎপাদন ও সংরক্ষণে কৃষকদের সহায়তা করা।
১২) জৈব সার ও জৈব বালাইনাশক ব্যবহারের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদনে কৃষকদের সহায়তা প্রদান।
১৩) কৃষি পণ্য বিপণনে ক্রেতা ও কৃষকের মাঝে সংযোগ স্থাপনে সহায়তা করা।
১৪) সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে ফসলের উৎপাদন খরচ কমাতে সহায়তা করা।
১৫) ফসলের বৈচিত্র আনয়নে এবং শস্যবিন্যাস উন্নতকরণে সহায়তা করা।
১৬) দেশে উৎপাদিত অপর্যাপ্ত খাদ্য শস্যের (ডাল,তেল,মশলা) উৎপাদন বৃদ্ধি করা।
১৭) ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষিঋণ গ্রহণে কৃষকদের সহায়তা করা।
১৮) জাতীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে কৃষকদের ডাটাবেইজ তৈরি করা।
১৯) পুষ্টি উন্নয়ে বসত ভিটায় ও ছাদে ফল ও সবজি বাগান সৃজনে সহায়তা করা।
২০) মোবাইল অথবা টেলিফোনের মাধ্যমে কৃষকের ডিজিটাল সেবা প্রদান করা।
২১) লিফলেট, বুকলেট, মাঠদিবস ও মাঠ পরিদর্শনের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ দেয়া।
২২) উচ্চ মূল্যের ফসল উৎপাদনে কৃষকদের সহায়তা করা।
২৩) বানিজ্যিক ফল ও সবজি উৎপাদনে কৃষকদের উৎসাহিত করা।
২৪) নিজস্ব সম্পদের ব্যবহারের মাধ্যমে কৃষকদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে সহায়তা করা।
২৫) আইপিএম, আইসিএম এবং অন্যান্য পদ্ধতি ব্যবহার করে পরিবেশ বান্ধব কৃষি উৎপাদনে সহায়তা করা।
২৬) কৃষি উপকরণ (সার,বীজ,বালাইনাশক ও চারাকলম) আমদানী ও বিপণনে লাইসেন্স প্রদান।
২৭) বালাইনাশক, সার ও বীজ ডিলারের দোকান পরিদর্শনের মাধ্যমে ভেজাল কৃষি উপকরণ বিক্রয় রোধ করা।
২৮) সরকারী ও বেসরকারী সংস্থার সাথে কৃষি উৎপাদনে আন্তঃসমন্বয় করা।